



২২/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : সাজ্জাদুল করিম,
লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর।
সভার তারিখ : ২২ ডিসেম্বর, ২০২০।
সভার সময় : দুপুর ১১:৩০ টা।
স্থান : লাইব্রেরিয়ানের কক্ষ, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর।
উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ২০২০-২১ অর্থবছরে মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর ও লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ১.২ অনুযায়ী শুদ্ধাচার/ উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় বিষয়ক ২য় সভায় উপস্থিত সদস্যদের সাথে শুদ্ধাচার ও উত্তম চর্চা বিষয়ে আলোচনা করেন। উল্লেখ্য যে, করোনা সংক্রমনজনিত কারণে অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক পাঠকসেবা বন্ধ থাকায় কোন সেবাগ্রহীতাকে উক্ত সভায় আমন্ত্রণ জানানো সম্ভব হয়নি। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

১. দাপ্তরিক সকল কর্মকান্ড আন্তরিকতার সাথে সম্পাদন করতে হবে এবং সর্বোচ্চ পেশাদারিত্বের পরিচয় দিতে হবে।
২. সেবা গ্রহীতাদের সাথে সর্বোত্তম আচরণ করতে হবে।
৩. উত্তম চর্চার আওতাভুক্ত সকল কার্যক্রম যথাযথভাবে পরিপালন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সাজ্জাদুল করিম
লাইব্রেরিয়ান,
ফোন : ০৯৩১-৬১৬১৪

স্মারক নম্বর: ৪৩.২৬.৮৯০০.০০০.০৫.০০১.১৭.১৫৮

তারিখ: ০৭ পৌষ ১৪২৭
২২ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপ-পরিচালক), বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, ময়মনসিংহ
- ৪) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৫) অফিস কপি, জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর

সাজ্জাদুল করিম
লাইব্রেরিয়ান